



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩৩০.২০১৯/৫১১/৬


তারিখ: ০৩/০৩/২০২৩ খ্রি.

বিষয় : কারণ দর্শানো পত্র।

সূত্র : ১। দুদক, ঢাকা এর স্মারক নং- ০০.০১.০০০০.৫৪০০.৭০৭.২৬.০০১.২২-৮০২৯; তারিখ: ০২/০৩/২০২৩ খ্রি.
২। তদন্ত কর্মকর্তার স্মারক নং-মাসক/মাদারী/৫৬০/২০২২-২৩; তারিখ: ১৫/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজের অধ্যক্ষ, জনাব মোঃ হাসানুল সিরাজীর বিরুদ্ধে একই ব্যক্তি দুই কলেজের অধ্যক্ষ হিসেবে কর্মরত থাকায় বিভিন্ন অনিয়ম ও আর্থিক দুর্নীতির বিরুদ্ধে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে দুর্নীতি দমন কমিশনে সৈয়দ আবুল হোসেন কলেজের মোঃ আলমগীর হোসেন এবং অন্যান্য শিক্ষকবৃন্দ শিক্ষকবৃন্দ আবেদন করেন। বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তার সুপারিশ/সিদ্ধান্তের আলোকে- যেহেতু অধ্যক্ষ জনাব মোঃ হাসানুল সিরাজী এর বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতি, অব্যবস্থাপনা ও অসদাচরণ এর অভিযোগ প্রমানিত হয়েছে যেহেতু উক্ত অধ্যক্ষ কর্তৃক নারী শিক্ষকদের প্রতি তার আচরণ শিষ্টাচার বহিভূর্ত ও নারী বিদ্বেষী যেহেতু একই সাথে উক্ত অধ্যক্ষের দুই প্রতিষ্ঠানে কর্মরত থাকার অভিযোগ প্রমানিত।

সেহেতু, কেন জনাব মোঃ হাসানুল সিরাজী অধ্যক্ষ এর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তাকে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে কারণ ব্যাখ্যাকরণের জন্য এবং একই বিষয়ে একই সময়ের মধ্যে মতামত প্রদানের জন্য সভাপতি, পরিচালনা পরিষদকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭.১০.২৩

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

- ১। অধ্যক্ষ, কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ, কালকিনি, মাদারীপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ, কালকিনি, মাদারীপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর (পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানে পৌছানোর অনুরোধসহ)।
- ৩। সংরক্ষণ নথি।